

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৬২

পরিচ্ছেদঃ যাঞ্ছাকারীর হক।

باب مَا جَاءَ فِي حَقِّ السَّائِلِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ سَعِيد بْنِ أَبِي سَعِيد، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ بُجَيْد، عَنْ جَدَّتِهِ أُمِّ بُجَيْد، _ وَكَانَتْ مِمَّنْ بَايَعَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم _ أَنَّهَا قَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الْمِسْكِينَ لَيَقُومُ عَلَى بَابِي فَمَا أَجِدُ لَهُ شَيْئًا أُعْطِيهِ إِيَّاهُ. فَقَالَ قَالَتْ يَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنْ لَمْ تَجِدِي شَيْئًا تُعْطِينَهُ إِيَّاهُ إِلاَّ ظِلْفًا مُحْرَقًا لَهَا رَسُولُ اللَّهِ فِي يَدِهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَحُسَيْنِ بْنِ عَلِي وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي هُرَيْرَة وَأَبِي أَمُامَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أُمِّ بُجَيْدٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৬৬২. কুতায়বা (রাঃ) আব্দুর রহমান ইবনু বুজায়দ তাঁর দাদী (রাঃ) হতে যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বায়'আত করেছেন তাঁর থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! মিসকীন আমার দরজায় দাঁড়িয়ে আছে, কিন্তু আমি তাঁকে দেয়ার মত কিছু পাইনা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তাকে দেওয়ার মত যদি আগুনে পোড়া ক্ষুর ব্যতিত অন্য কিছু না পাও তাহলে তাই তার হাতে তুলে দাও। - তা'লীকুর রাগীব ২/২৯, সহিহ আবু দাউদ ১৪৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৬৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এ বিষয়ে আলী, হুসাইন ইবনু আলী, আবূ হুরায়রা ও আবূ আবূ উমামা (রাঃ) থেকে হাদিস বর্ণিত হয়েছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, উম্মে বুজায়দা বর্ণিত হাদিসটি হাসান সহীহ।

English

Abdur-Rahman bin Bujaid narrated from his grandmother; : Umm Bujaid - and she was one of those who gave the pledge to the Prophet - she said to the Messenger of Allah: "There is a needy person who stands



outside my door, but I cannot find anything to give to him." So the Messenger of Allah said to her: "If you do not find anything to give him except a burnt trotter then hand it over to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবন বুজায়দ

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন